তারিখ ... 28 SEP 1994 ...
পৃষ্ঠা 2 কলাম 2

The Bangladesh Times

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিক্ষা মন্ত্রণালয়**

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-শাঃ১৩/২-৩(এ্যাওয়ার্ড)/৯৪/৪৫৫-শিক্ষা, তারিখঃ ২০-৯-৯৪ ইং / ৫-৬-১৪০১ বাং

## বিষয়ঃ ১৯৯৪-৯৫ শিক্ষাবর্ষে কমনওয়েলথ বৃত্তির জন্য দরখাস্ত আহবান প্রসংগে।

১৯৯৪-৯৫ শিক্ষাবর্ষে কমনওয়েলথ স্কলারশীপ প্রোগ্রামের আওতায় যুক্তরাজ্য/হংকং/নিউজিল্যান্ডে স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নের নিমিত্তে বাছাইয়ের জন্য নিম্নে উল্লেখিত বিষয়সমূহের ও নূন্যতম যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে। তবে কোন বিষয়ের জন্য কোটা নির্ধারিত নেই।

| ক্রমিক নং | বিষয়/ক্ষেত্র | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|
| ১। | অর্থনীতি, কৃষি-অর্থনীতি, লোক প্রশাসন, ব্যবসা প্রশাসন, ব্যবস্থাপনা, বিপনন, হিসাব রক্ষণ, ফিন্যান্স, ভূগোল, ইংরেজী, সমাজবিজ্ঞান, সমাজকল্যান, মনোবিজ্ঞান, দর্শন, ইতিহাস, ইসলামের ইতিহাস, প্রত্নতত্ব, আন্তর্জাতিক সম্পর্ক, আইন, রাষ্ট্রবিজ্ঞান, সাংবাদিকতা এবং গণসংযোগ, ভাষাতত্ব, চারুকলা, ওরিয়েন্টাল ষ্টাডিজ। | অনার্সসহ মাষ্টারডিগ্রী। কমপক্ষে ৩টি ১ম বিভাগ/শ্রেণী থাকতে হবে। ব্যবসা প্রশাসন, মার্কেটিং এবং ব্যবস্থাপনা বিষয়ের জন্য আবেদনকারীগনের জি এম এ টি-তে অবশ্যই ভাল নম্বর থাকতে হবে চারুকলার জন্য এস এস সি অথবা প্রাক ডিগ্রীতে (এইচ এস সি এর সমতুল্য) অন্ততঃ ১টিতে ১ম বিভাগ এবং বি এফ এ অথবা এম এফ এ-তে ১ম শ্রেণী থাকতে হবে। |
| ২। | পদার্থবিদ্যা, ফলিত পদার্থবিদ্যা এবং ইলেকট্রোনিকস, কম্পিউটার সায়েন্স, রসায়ন, ফলিত রসায়ন, জৈব রসায়ন, প্রাণ রসায়ন, মৃত্তিকা বিজ্ঞান, গণিত, পরিসংখ্যান, প্রাণীবিদ্যা, উদ্ভিদবিদ্যা, ভূ-তত্ব, টিসুকালচারসহ হিষ্টোলজি, ফার্মেসী, খাদ্য প্রযুক্তি, পুষ্টিবিদ্যা, মাইক্রোবায়োলজি, মেরিন সায়েন্স, বনবিদ্যা। | অনার্সসহ মাষ্টার্স ডিগ্রী। এস এস সি থেকে মাষ্টার্স ডিগ্রী পর্যন্ত সকল পর্যায়ে ১ম শ্রেণী থাকতে হবে। (এম ফিল ডিগ্রীধারীদের ক্ষেত্রে ১টি ২য় বিভাগ/শ্রেণী থাকলেও চলবে। বনবিদ্যার ক্ষেত্রে নিম্নতম যোগ্যতা হচ্ছে বনবিদ্যায় বি এস সি (সম্মান) এর ক্ষেত্রে ও এস এস সি ও এইচ এস সি-তে ১ম বিভাগ থাকতে হবে। |
| ৩। | কৃষি (সকল শাখা) | এস এস সি ও এইচ এস সি উভয় পরীক্ষায় ১ম বিভাগসহ কৃষিতে স্নাতক (সম্মান) পরীক্ষায় ১ম শ্রেণী। স্নাকোত্তর ডিগ্রীধারীদের ক্ষেত্রে ১টি ২য় বিভাগ/শ্রেণী থাকলেও চলবে। |
| ৪। | প্রকৌশল (সকল শাখা) এবং স্থাপত্য। | এস এস সি ও এইচ এস সি উভয় পরীক্ষায় ১ম বিভাগসহ বি এস সি (ইঞ্জিঃ)/ বি, আর্ক এ ১ম শ্রেণী। |
| ৫। | বস্ত্র প্রযুক্তি/চর্মপ্রযুক্তি (সকল শাখা) | এস এস সি ও এইচ এস সি উভয় পরীক্ষায় অন্ততঃ যে কোন ১টিতে ১ম বিভাগসহ চর্মপ্রযুক্তি/বস্ত্র প্রযুক্তিতে ১ম শ্রেণীর ডিগ্রী থাকতে হবে। |
| ৬। | আরবান ও রিজিওনাল প্লানিং | সিভিল ইঞ্জিনিয়ারিং/বি, আর্ক এ ১ম শ্রেণীর স্নাতক ডিগ্রী অথবা আরবান এবং রিজিওনাল প্লানিং এ মাষ্টার ডিগ্রী ও অন্ততঃ ৩টি ১ম বিভাগ/শ্রেণীসহ অর্থনীতি, সমাজবিজ্ঞান বা ভূগোল বিষয়ে অনার্সসহ মাষ্টার্স ডিগ্রী। |
| ৭। | চিকিৎসা বিজ্ঞান (সকল শাখা) চিকিৎসা বিজ্ঞানে কদাচিৎ বৃত্তি পাওয়া যায়। | এস এস সি ও এইচ এস সি উভয় পরীক্ষায় ১ম বিভাগসহ এম বি বি এস/বি ডি এস এ চার বছরে গড়ে কমপক্ষে ৬৫% নম্বর থাকতে হবে। নিয়মিতভাবে পাস থাকলে অগ্রাধিকার দেয়া হবে। যুক্তরাজ্যের জেনারেল মেডিকেল কাউন্সিলের নির্ধারিত যোগ্যতা থাকতে হবে। বেসিক সায়েন্স বিষয়গুলোর জন্য যুক্তরাজ্যের মেডিকেল কাউন্সিলের অনুমোদন না থাকলেও চলবে। যে সকল প্রার্থী ইন্টারনীশিপের মেয়াদ পূর্ণ করেন নি তাদের আবেদন করার প্রয়োজন নেই। |

(ক) প্রার্থীদের শিক্ষাজীবনে কোন ৩য় বিভাগ থাকা চলবে না।

(খ) ১লা অক্টোবরে ১৯৯৫ ইং তারিখে প্রার্থীর বয়স ৩৫ বছরের উর্ধে হবে না।

(গ) সুষ্ঠু প্রসেসের সুবিধার্থে আবেদনের সাথে প্রার্থীদের প্রয়োজনীয় জীবনবৃত্তান্ত নির্ধারিত ছকে ৩ (তিন) প্রস্থ ইংরেজীতে অবশ্যই আগামী ২০-১০-৯৪ ইং তারিখের মধ্যে সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা—১২০৭ এর নিকট পৌছাইতে হবে। (এজন্য নির্ধারিত ছক তার দফতরের উপ পরিচালক) (বৃত্তি) বরাবর প্রয়োজনীয় ডাক টিকিট যুক্ত স্ব-ঠিকানা সম্বলিত খামসহ লিখিত ও ব্যক্তিগতভাবে ১৫-১০-৯৩ ইং তারিখের মধ্যে যোগাযোগ করে সংগ্রহ করতে হবে)। বিশ্ববিদ্যালয়সমূহের রেজিষ্ট্রারদের থেকেও এ ফর্ম বিতরণের ব্যবস্থা নেয়া হচ্ছে।

(ঘ) সদ্য তোলা পাসপোর্ট আকারের ২ (দুই) কপি ছবিসহ সকল পরীক্ষার ২ (দুই) সেট সত্যায়িত সনদ ও নম্বরপত্র, প্রশংসাপত্র ইত্যাদি কপি আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে। (ই এল টি/টোফেল/জিম্যাট দেয়া থাকলে তার নম্বর পত্রের কপিও দিতে হবে।

(ঙ) কোন প্রার্থী ইতিপূর্বে সরকারী কোন বৃত্তি ভোগ করে থাকলে নিয়মানুযায়ী সময় অতিক্রম না হওয়া পর্যন্ত এ বৃত্তির জন্য উপযুক্ত বিবেচিত হবে না।

(চ) আবেদনপত্রের সাথে একটি নিজ ঠিকানা সম্বলিত উপযুক্ত ডাকটিকিটসহ খাম পাঠাতে হবে যাতে যোগ্য প্রার্থীর সাক্ষাৎকারের তারিখ জানান হবে।

(ছ) কোন ব্যক্তি একাধিক বিষয়ে প্রার্থী হতে পারবেন না। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ইতিমধ্যে বিজ্ঞাপিত কোন বৃত্তির জন্য বিবেচনাধীন নির্বাচিত প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

(জ) যে সকল আবেদন ২০-১০-৯৪ ইং তারিখের পরে পৌছাবে তা গ্রহনযোগ্য হবে না।

(ঝ) বিজ্ঞাপিত চাহিদানুযায়ী যাদের পরীক্ষার ফল এখনও প্রকাশিত হয়নি, তাদের আবেদন গ্রহন করা হবে না।

(ঞ) অসম্পূর্ণ এবং চাহিদা মোতাবেক নয় এমন দরখাস্ত বিবেচনা করা হবে না। মিথ্যা/ভুল তথ্য প্রদানকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

(ট) কমনওয়েলথ কর্তৃপক্ষ ব্যতিত এ ক্ষেত্রে বাংলাদেশ সরকারের কোন আর্থিক-দায়-দায়িত্ব থাকবে না।

(ঠ) সরকারী, আধা-সরকারী অথবা স্বায়িত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগনকে স্ব স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত ছকে আবেদন করতে হবে।

(ড) শিক্ষা মন্ত্রণালয় কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন বাতিল করতে পারবেন।

(ঢ) কোন প্রকারের তদবির অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে। এ ক্ষেত্রে প্রার্থী সরকারী/স্বায়িত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(মোঃ আকরাম হোসেন)
সিনিয়র সহকারী সচিব (বৃত্তি)

জিদি—১৫৬৭